

## কিভাবে পৃথিবীতে সমস্ত মন্দ বিষয় প্রবেশ করেছিল

প্রার্থনা : “প্রিয় প্রভু, অনুগ্রহ করে শিশুদের তাদের পাপের বিষয় সতর্ক করতে এই অধ্যয়নটি ব্যবহার করুন। শিশুরা যেন জানতে পারে তাদের পাপ আদমের পাপের মত তোমার কাছ থেকে তাদের পৃথক করেছে এবং তোমার সঙ্গে চিরকাল বাস করার জন্য তাদের ক্ষমা লাভের প্রয়োজন।”

একটি বড় শিশুকে অথবা শিক্ষককে আদি ৩ অধ্যায় থেকে আদম হবার অবাধ্যতার গল্পটি পাঠ করতে অথবা মন থেকে বলতে দিন। এখানে দেখানো হয়েছে যে আদম হবাকে ঈশ্বরের অবাধ্য হওয়ার জন্য প্রলোভিত করতে শয়তান কিভাবে সাপকে ব্যবহার করেছিল। যেহেতু ঈশ্বর পবিত্র, সেহেতু তাঁকে তাঁর উপস্থিতি থেকে আদম হবাকে বিতরিত করতে হয়েছিল এবং তাদের মরতে দিতে হয়েছিল।



গল্পটি বলার পর এই প্রশ্নগুলো জিজ্ঞাসা করুন। (প্রতিটি প্রশ্নের শেষে উত্তর প্রদত্ত হয়েছে)



- হবা কিভাবে জানতে পেরেছিল যে ঈশ্বর চান না তারা এই ফলটি আহার করুক? (৩ পদ দেখুন)
- এই ফলটি হবাকে খাওয়ানোর জন্য শয়তান তাকে কি মিথ্যা কথা বলেছিল? (৪-৫ পদ)
- আদম কেন ফল খেয়েছিল? (৬ পদ)
- আদম এবং হবা তাদের অবাধ্যতার জন্য কার ওপর দোষারোপ করেছিলেন? (১২-১৩ পদ)
- নারীর গর্ভের সন্তান শয়তানের প্রতি কি করবে বলে ঈশ্বর বলেছিলেন? (১৫ পদ)
- ঈশ্বর হবার জন্য কি শাস্তির বিষয় বলেছিলেন? (১৬ পদ)
- আদমের শাস্তির বিষয় ঈশ্বর কি বলেছিলেন? (১৭ পদ)
- কেন তাদের উদ্যানের ঈশ্বরের উপস্থিতি ত্যাগ করে চলে যেতে হয়েছিল? (২২-২৪ পদ)
- আদি ৩ অধ্যায় থেকে মানব জাতির প্রকৃত গল্পটির কয়েকটি অংশ নাটকে পরিণত করুন।
- বড়দের কাছে শিশুদের এই নাটকটি উপস্থাপিত করার জন্য প্রধান উপাসকমণ্ডলীর আরাধনা নেতৃবর্গের সঙ্গে প্রস্তুতির আয়োজন করুন।
- আপনাকে সমস্ত অংশগুলো ব্যবহার করতে হবে না।
- এই নাটকটি প্রস্তুতির জন্য শিশুদের সঙ্গে সময় দিন।
- প্রস্তুতির বিষয়ে বড় শিশুদের ছোটদের সাহায্য করতে দিন।
- বড় শিশুদের অথবা প্রাপ্ত বয়স্কদের বর্ণনাকারী, আদম, হবা (কয়েকটি বড় বড় পাতা ধরে থাকবে), ঈশ্বরের কণ্ঠস্বর এবং সর্পের (ফলের মত কিছু একটা ধরে থাকতে হবে) ভূমিকায় অভিনয় করতে হবে।
- ছোট শিশুদের পশু এবং স্বর্গদূতের (খড়গ ধরবে) ভূমিকায় অভিনয় করতে হবে।

বর্ণনাকারী : আদি ৩:১-৬ পদে গল্পটি প্রথম ভাগটি বলুন। তারপর বলবেন, “আদম এদোন উদ্যানে সমস্ত পশুদের নাম দিয়েছিলেন। দেখুন পশুরা কিভাবে হাঁটে।”

পশুরা : একজন অথবা আরও কয়েকটি শিশু একসঙ্গে পশুদের মত চলাফেরা করবে। পশুদের শব্দ করবে।

আদম : প্রতিটি পশুকে লক্ষ্য করবে এবং যে কোন একটি কে জিজ্ঞাসা করবে, “এই পশুটার কি নাম দেওয়া উচিত?” (সেই ব্যক্তিকে উত্তর দিতে হবে।)

বর্ণনাকারী : “শয়তান সর্পের বেশ ধারণ করেছিল। শুনুন, সে কি বলেছিল?”

সর্প : জোড়ে হিস্ হিস্ শব্দ করবে। তারপর বলবে, “হবা, শোন!” (শব্দ করবে এবং হবার দিকে ফলটা ধরবে) “ঈশ্বর কি এই বাগানের কোন ফল খেতে নিষেধ করেছেন?”

হবা : “ওহ্ ! কি সুন্দর সর্প!” (ফলের দিকে তাকিয়ে) “না! ঈশ্বর বলেছেন বাগানের মধ্যস্থানের গাছের ফল ছাড়া আমরা যে কোন ফল খেতে পারি। আমরা যদি এই ফলটি খাই, তবে মারা যাব।”

সর্প : জোড়ে জোড়ে হিস্ হিস্ শব্দ করবে। তারপর বলবে, “না হবা। তুমি মরবে না। তুমি ঈশ্বরের মত জ্ঞানী হবে। তুমি জানতে পারবে পাপ কি!” (ত্রুর হাসি হাসবে)।

হবা : “ফলটা দেখতে অত্যন্ত সুন্দর লাগছে। আমার কৌতুহল হচ্ছে। আমি জানতে চাই পাপ কি রকম দেখতে। ঈশ্বর কি বলবে, আমি তার তোয়াক্কা করি না। আমি তাঁর অবাধ্য হব এবং আমার যা খুশী খাব!”

হবা : ফলটা নিয়ে কিছু খাওয়ার এবং বাকীটা আদমকে দেবার ভান করবে, তারপর বলবে, “আদম! এস, আমরা এই সুস্বাদু ফলটা এক সঙ্গে খাই।”

আদম : “হবা, ঈশ্বর আমাদের এটা খেতে নিষেধ করেছেন। কিন্তু তুমি চাইলে, আমি অবাধ্য হব। আমিও জানতে চাই মন্দ কি।”

সর্প : হাসি এবং হিস্ হিস্ শব্দ। বলবে “তোমরা অবাধ্যতা পছন্দ করেছ। এখন ঈশ্বর অবশ্যই তোমাদের চিরকালের জন্য বিতারিতকরবেন।” (হিস্ হিস্ শব্দ এবং হাসি)

বর্ণনাকারী : আদি ৩ঃ৭-১৩ পদে গল্পটির দ্বিতীয় ভাগটি বলবেন। তারপর বলবেন, “শুনুন, আদম কিবলছেন।”

আদম : “শুনুন আমরা কি করলাম? আমরা ঈশ্বরের অবাধ্য হলাম! এখন আমি বুঝতে পারছি যে আমি নগ্ন।”

হবা : “এখানে কতগুলো বড় ডুমুরের পাতা আছে। আমি সেগুলো সেলাই করে কাপড় তৈরী করছি।”

ঈশ্বরের কণ্ঠস্বর : চীৎকার, “আদম! আদম! কোথায় তোমরা? আমি তোমাদের উপভোগের জন্য যে বাগান তৈরী করেছি, সেই বাগানে তোমাদের সঙ্গে বেড়াব বলে এসেছি!”

আদম : “আমরা ভীত, কারন আমরা নগ্ন। সেই জন্য আমরা লুকিয়ে আছি।”

ঈশ্বরের কণ্ঠস্বর : “কে বলেছে যে তোমরা নগ্ন? তোমরা কি নিষিদ্ধ ফল খেয়েছ?”

আদম : “হবা আমাকে দিয়েছিল। সে বলেছিল যে ফলটা আমাদের পক্ষে উত্তম!”

বর্ণনাকারী : আদি ৩ঃ১৪-২৪ পদ থেকে গল্পের তৃতীয় অংশটা বলবেন। তারপর বলবেন, “ঈশ্বর আদম হবার জন্য পশুর চামড়ার বস্ত্র তৈরী করেছিলেন। শুনুন, তিনি কি বলেছেন।”

ঈশ্বরের কণ্ঠস্বর : “সর্প তুমি ধূলিতে বুকো হাঁটবে, হবার বংশ তোমার মস্তক চূর্ণ করবে। হবা তুমি আমার অবাধ্য হয়েছ। তিনি সন্তান জন্মানের সময়ে যন্ত্রণা ভোগ করবে। আদম তোমাকে খাদ্যের জন্য কঠিন পরিশ্রম করতে হবে। যাও, তোমরা আর আমার সঙ্গে বাগানে থাকতে পারবে না।”

স্বর্গদূত : আদমের দিকে লক্ষ্য করে খড়্গ ঘোরাবে এবং বলবে, “তুমি ঈশ্বরের অবাধ্য হয়েছিলে। তুমি আর ঈশ্বরের উপস্থিতির মধ্যে থাকতে পারবে না, যেখানে তোমার চিরকাল থাকার কথা ছিল।”

বর্ণনাকারী : যারা এই নাটকটি করতে সাহায্য করেছেন এবং বড়রা যারা মনোযোগ দিয়ে শুনেছেন তাদের প্রত্যেককে ধন্যবাদ জানাবেন।

প্রশ্নাবলী : শিশুরা যদি বড়দের জন্য এই নাটকটি করে থাকেন, তবে তাদের বড়দেরকে উপরের তালিকার প্রশ্নগুলো জিজ্ঞাসা করতে দিন।

ব্যাখ্যা প্রদর্শন : একটি শিশুর পিঠে একটি প্রকাণ্ড বস্ত্রাদড়ি দিয়ে বাঁধতে হবে। সে বিভিন্ন লোকের কাছে যাবে এবং জিজ্ঞাসা করবে, “কিভাবে আমি এই বস্ত্রনাকর পাপের বোঝা থেকে মুক্ত হতে পারি?” (তাদের উত্তর দিতে দিন) আরেকটি শিশু একটি ছুড়ি নিয়ে ব্যাখ্যা করবেন, “প্রভুর এই খড়্গটি হল ঈশ্বরের বাণ্য। ইহা আমাদেরকে বলে যে যীশুর রক্ত আমাদের পাপ ধুয়ে দিতে পারে।” (দড়িটা কেটে অথবা দড়ির গিঁট খুলে দিয়ে বস্ত্রটা পড়ে যেতে দেবে।)

শিশুদের একটি সাপের অথবা একটি ফলের ছবি আঁকতে দিন। পরবর্তী আরাধনার সময় বড়দের কাছে তাদের ছবিগুলো দেখাতে দিন এবং তারা ব্যাখ্যা করবে শয়তান কিভাবে আমাদের প্রলোভিত করে।

ছোট শিশুদের রোমীয় ৩ঃ২৩ পদ এবং বড় শিশুদের রোমীয় ৫ঃ১২ পদ মুখস্থ করতে দিন।

আলোচনা : শিশুদের জিজ্ঞাসা করুন, “আজকের দিনে লোকেরা কি কিভাবে ঈশ্বরের অবাধ্যতা পছন্দ করে?”

কবিতা : তিনজন শিশুর প্রত্যেককে গীতা ৫ঃ১-৩ পদের একটি করে আবৃত্তি করতে দিন।

প্রার্থনা : “প্রিয় প্রভু, আমরা বহুবার তোমার অবাধ্য হয়েছি। আমরা শয়তানের দাস হয়েছিলাম, তুমি আমাদের মুক্ত করতে শয়তানের মস্তক চূর্ণ করার জন্য হবার বংশ যীশুকে পাঠানোর জন্য তোমাকে ধন্যবাদ।”

